গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৮৪ তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

বিষয়: রাজশাহী জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন।
সূত্র: এ বিভাগের প্রশাসন-১ শাখার ০১ নভেম্বর ২০২৩ তারিখের ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২.১৩৪৬ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ১২ নভেম্বর ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক রাজশাহী জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বিভাগীয় পরিচালক, রাজশাহী এবং রাজশাহী জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক ও সংশ্লিষ্ট অফিসের অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল এবং মা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদানের সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মা ও শিশু স্বাস্থ্য ইউনিট, আরপিটিআই, কলাবাগান রাজশাহী

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১২ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ০৯.৩০ টা

০৩। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : অনুমোদিত ৩৩ টি পদের মধ্যে ১১ টি পদ শূন্য। একজন মেডিকেল অফিসার সংযুক্তিতে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুমোদিত ০৩টি পদের বিপরীতে সংযুক্তিসহ ০৪ জন কর্মরত আছেন।

০৪। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : পরিদর্শনকালে সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।


০৫। পরিদর্শনকালে Stockholder মতামত/পরামর্শের সংক্ষিপ্ত বিবরণ :
স্বাস্থ্য ইউনিটটি শহরের প্রাণকেন্দ্রে স্থাপিত হলেও পরিদর্শনকালে সকাল ৯.৩০ হতে ১০.৩০ পর্যন্ত কোনো রোগীর উপস্থিতি দেখা যায়নি। পরিদর্শনকালে উপস্থিত বিভাগীয় পরিচালক, রাজশাহী এবং রাজশাহী জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক জানান যে এ ইউনিটের দায়িত্বপ্রাপ্ত মহিলা সহকারী সার্জনকে সকালে উপস্থিত পাওয়া যায়না বলে সেবা প্রত্যাশী রোগীরা দেরীতে আগমন করে। এ বিষয়ে মহিলা সহকারী সার্জনকে মৌখিকভাবে একাধিকবার সতর্ক করা হলেও তিনি প্রায় প্রতিদিনই বিলম্বে অফিসে উপস্থিত হন বলে জানান। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত মহিলা সহকারী সার্জনকে স্বাস্থ্য ইউনিটে যথাসময়ে আগমন ও প্রস্থান নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও বিভাগীয় পরিচালক, রাজশাহী এবং রাজশাহী জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালককে এ বিষয়ে পরবর্তীতে লিখিতভাবে বিলম্বে উপস্থিতির কারণ ব্যাখ্যা করে উর্ধ্বতন কতৃপক্ষকে অবহিত করার পরামর্শ দেয়া হয়।

০৬। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরন : আর্থিক অনিয়ম পরিলক্ষিত না হলেও বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রয়োজন।


০৭। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : মা ও শিশু স্বাস্থ্য ইউনিটের দ্বিতল ভবনটির মেয়াদ প্রায় ১০ বছর পূর্বে শেষ হয়েছে বলে ভবনটি পুন:নির্মাণ করা প্রয়োজন। বিভিন্ন কক্ষের দেয়াল ও ছাদ হতে পলেস্তারা খসে পড়ছে। ভবনটি পুন:নির্মাণের প্রস্তাব


অপারেশন প্ল্যানে অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। জেনারেটর বা ইলেকট্রিসিটির কোনো বিকল্প ব্যবস্থা না থাকায় অপারেশনের সময় ব্যাপক সমস্যার সম্মুখীন হতে হয় বলে মেডিকেল অফিসার জানান। এছাড়াও এ ইউনিটে পানীয় জলের কোনো ব্যবস্থা নেই বলে আগত রোগীদের কষ্ট করে পার্শ্ববর্তী আরপিটিআই থেকে পানি সংগ্রহ করতে হয়। জরুরি ভিত্তিতে একটি সাবমার্সিবল পাম্প স্থাপনের জন্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে একাধিকবার অনুরোধ করা হলেও কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি বলে জানানো হয়। রাজশাহী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী পরবর্তীতে ইউনিটে উপস্থিত হয়ে জানান যে, ইউনিটের পাশেই আরপিটিআই এর নতুন ভবন নির্মানের কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্প হতে ইউনিটে পানির ব্যবস্থা করা হবে।











৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : প্রতিষ্ঠানটিতে স্বাস্থ্যসেবা প্রদানের সার্বিক পরিবেশ বিদ্যমান নেই। অফিসের পরিচ্ছন্নতার মান সন্তোষজনক নয়। পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রতি বছরই আধুনিক ও সর্বশেষ তথ্য সম্বলিত পোস্টার ও লিফলেট সরবরাহ করা হলেও এ স্বাস্থ্য ইউনিটের নোটিশ বোর্ডে অত্যন্ত পুরাতন পোস্টার অপরিচ্ছন্নভাবে সেঁটে রাখা হয়েছে।

৯। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে পুরোপুরি উপযোগী নয়। এছাড়াও রাজশাহী সেন্ট্রাল ওয়্যারহাউজ হতে চাহিদা ছাড়াই একটি রেক সরবরাহ করা হয়েছে যা ভাঙা ও সম্পূর্ণ ব্যবহার অনুপযোগী।



১০। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ :

(ক) প্রতিষ্ঠান ভবন পুরাতন ও ছাদের অবস্থা জরাজীর্ণ বিধায় দ্বিতল ভবনটি পুন:নির্মাণ করা প্রয়োজন।;

(খ) অপারেশন থিয়েটারে চিকিৎসা সেবা অব্যাহত রাখার জন্য আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা প্রয়োজন;

(গ) জরুরি ভিত্তিতে ভবনের ছাদ সংস্কার করা প্রয়োজন:

(ঘ) দায়িত্বপ্রাপ্ত মহিলা সহকারী সার্জনের স্বাস্থ্য ইউনিটে যথাসময়ে আগমন ও প্রস্থান নিশ্চিত করতে হবে;

(ঙ) জরুরি ভিত্তিতে জেনারেটর স্থাপন এবং পানীয় জল সরবরাহের জন্য একটি সাবমার্সিবল পাম্প স্থাপনের উদ্যোগ নিতে হবে;

(চ) Need assessment করে প্রয়োজনীয় ওষুধ সরবরাহ নিশ্চিত করতে হবে এবং অপ্রয়োজনীয়ভাবে চাহিদা ব্যতীত কোনো আসবাবপত্র যেনো সরবরাহ না করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট ওয়্যারহাউজকে নির্দেশনা প্রদান করহে হবে; এবং

(ছ) আর্থিক বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

(মল্লিকা খাতুন)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৮৬৪
me@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৮৪ তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
০২। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় পরিচালক, রাজশাহী
০৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজশাহী
০৫। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)